

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
লামা, বান্দরবান পার্বত্য জেলা
www.lama.bandarban.gov.bd

স্মারক নম্বর : ০৫.৪২.০৩৫১.৩০৫.০৩.০০৭.২০২৩- ৫০৬

তারিখ : ২৩/০৮/২০২৩ খ্রি:

অফিস আদেশ

উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) ও এইচএসসি (বিএম) পরীক্ষা-২০২৩ আগামী ২৭ আগস্ট ২০২৩ তারিখ হতে অনুষ্ঠিত হতে যাচ্ছে। যেহেতু উচ্চ পরীক্ষার কেন্দ্র সরকারি মাতামুহূর্তী কলেজ এর চতুর্দিকে জনসমাগম হলে শান্তি শৃঙ্খলা ভঙ্গ হতে পারে মর্মে আশংকা রয়েছে।

সেহেতু আমি মোঃ মোস্তফা জাবেদ কায়সার, উপজেলা নির্বাহী অফিসার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, লামা, বান্দরবান পার্বত্য জেলা ফৌজদারী কার্যবিধি ১৮৯৮ এর ১৪৪ ধারার বিধান অনুযায়ী আগামী ২৭ আগস্ট ২০২৩ তারিখ হতে পরীক্ষার জন্য নির্ধারিত সময়সূচী অনুযায়ী পরীক্ষা চলাকালীন প্রতিদিন পরীক্ষা শুরু হওয়ার ০১ (এক) ঘণ্টা পূর্ব হতে পরীক্ষা শেষ হওয়ার ০১ (এক) ঘণ্টা পর পর্যন্ত পরীক্ষা কেন্দ্রের চতুর্দিকে ২০০ গজ এলাকার মধ্যে-

- ক) সকল প্রকার সমাবেশ, আগ্নেয়াক্ষ বহন ও ব্যবহার নিষিদ্ধ ঘোষণা করলাম;
খ) পরীক্ষা কেন্দ্র এলাকার সীমানার মধ্যে ফটোকপি মেশিন বাধ্যতামূলকভাবে বন্ধ রাখার নির্দেশ জারি করলাম;
গ) সকল ধরণের শব্দ উৎপাদনকারী যন্ত্র বা মাইকের ব্যবহার নিষিদ্ধ ঘোষনা করলাম;
২। এ আদেশ পরীক্ষা কেন্দ্র সংলগ্ন সড়কে স্বাভাবিক নিয়মে চলাচলকারী যানবাহন, কেন্দ্রে নিয়োজিত আইন-শৃঙ্খলা রক্ষকারী বাহিনী ও পরীক্ষা সংশ্লিষ্টদের ক্ষেত্রে প্রযোজ্য হবে না।
৩। আমার স্বাক্ষর ও সীলনোহরে অদ্য ২০২৩ সালের ২৩ আগস্ট এ আদেশ জারি করা হলো।

(মোস্তফা জাবেদ)
২৩/০৮/২০২৩

মোঃ মোস্তফা জাবেদ কায়সার
উপজেলা নির্বাহী অফিসার

ও

এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট
লামা, বান্দরবান পার্বত্য জেলা

স্মারক নম্বর : ০৫.৪২.০৩৫১.৩০৫.০৩.০০৭.২০২৩- ৫০৬

তারিখ : ২৩/০৮/২০২৩ খ্রি:

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, বান্দরবান পার্বত্য জেলা।
২। অফিসার ইনচার্জ, লামা থানা।
৩। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি
অধিদপ্তর, লামা, বান্দরবান পার্বত্য জেলা।
৪। সহকারী তথ্য অফিসার, লামা উপজেলা।
৫। কেন্দ্র সচিব, সরকারি মাতামুহূর্তী কলেজ
লামা, বান্দরবান পার্বত্য জেলা।
- ফৌজদারী কার্যবিধি-১৪৪ ধারা তামিল করার এবং লংঘনকারীর
বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
ওয়েব পোর্টালে আপলোডের অনুরোধসহ
বহুল প্রচারের জন্য।
লাল পতাকাদ্বাৰা পরীক্ষা কেন্দ্রের চতুর্দিকে ২০০ গজ চিহ্নিত করে
দেয়ার নির্দেশনা প্রদান করা হলো।

(মোস্তফা জাবেদ)
২৩/০৮/২০২৩

উপজেলা নির্বাহী অফিসার

ও

এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট
লামা, বান্দরবান পার্বত্য জেলা